

2 0 1 6

BENGALI

(Major)

Paper : 6.1

(Rabindranath—I)

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। সংক্ষিপ্ততম উত্তর দাও :

১×৭=৭

(ক) “শত্রুপক্ষের পরিহাস অক্ষয় হোক—তারা আমার গায়ে ধুলো দিক।” বক্তা কে ?

(খ) ‘রাজা’ নাটকের শেষ দৃশ্যের শিরোনাম কী ?

(গ) রাজা প্রতাপ রায় (‘গানভঙ্গ’) কার গানের ভক্ত ছিলেন ?

(ঘ) ‘শ্রেষ্ঠ ভিক্ষা’ কবিতার সন্ন্যাসীর নাম কী ?

(ঙ) “আমি তোমার প্রেমে হব সবার কলঙ্কভাগী...।” ‘রাজা’ নাটকে গানটি কে গেয়েছেন ?

(চ) “নগরীর নটী চলে অভিসারে।” ‘নগরীর নটী’র নাম কী ?

(ছ) ‘পূজারিণী’ কবিতার কথাবস্তু কোন্ বৌদ্ধ কাহিনি থেকে নেওয়া হয়েছে ?

২। অতি সংক্ষেপে উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো : $2 \times 8 =$

(ক) “শুনেছি তুমি আমার রাজার বন্ধু—আমার প্রণাম গ্রহণ কর।” বক্তা কে? ‘রাজার বন্ধু’র নাম কী?

(খ) রাখালের (‘দেবতার প্রাস’) মা ও মাসির নাম কী?

(গ) “গাছিছে _____ নবীন যুবা, ধ্বনিছে সভাগৃহ ঢাকি,
কণ্ঠে খেলিতেছে সাতটি সুর সাতটি যেন _____ পাখি।”

(ঘ) “ওঁর কৌশল জানি, সমস্ত আভরণধারীদের মাঝখানে
উনি আভরণ বর্জনের দ্বারাই নিজের মহিমা প্রমাণ করতে
চান।” বক্তা কে? বক্তা কার সম্বন্ধে একথা বলেছেন?

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো তিনটি) : $5 \times 3 =$

(ক) “অব্রাহাম নহ তুমি তাত
তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত।”

সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(খ) “আমি ভণ্ড, আমি পাষণ্ড। আমার ছলনা
ধূলিসাৎ হোক।”

বক্তা কে? তিনি কাকে, কোন্ প্রসঙ্গে একথা
বলেছিলেন?

(গ) টীকা লেখো : সুরঙ্গমা

(ঘ) টীকা লেখো : মৈত্র মহাশয়

(ঙ) “সময় যেদিন আসিবে আপনি
যাইব তোমার কুঞ্জে।”

প্রসঙ্গটি বিশদ করো।

৪। (ক) ‘রাজা’ নাটকে কাঞ্চীরাজ চরিত্রের অবতারণার সাধকতা
কী, বিশ্লেষণ করো। ১০

অথবা

(খ) “ ‘রাজা’ নাটকে দুইটি পরিবেশ চোখে পড়ে, একটি
হইল অন্ধকার ঘর, অপরটি বসন্ত-প্রকৃতি।” ‘রাজা’
নাটকের কাহিনিধারায় এই দুই পরিবেশের তাৎপর্য
বিশ্লেষণ করো। ১০

৫। (ক) ‘শ্রেষ্ঠ ভিক্ষা’ কবিতার নামকরণের যথার্থতা বিচার করো। ১০

অথবা

(খ) “একাকী গায়কের নহে তো গান, মিলিতে হবে
দুইজনে।” (‘গানভঙ্গ’) কাহিনির উল্লেখ করে উক্তিটির
তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৬। (ক) “ ‘রাজা’ নাটকের সুরঙ্গমা, ঠাকুরদা, সুদর্শনা ও কাঞ্চীরাজের মধ্য দিয়া কবি ভগবৎ সাধনার চারটি স্বতন্ত্র পছার পরিচয় সংকেতিত করিয়াছেন।” ‘রাজা’ নাটকের কাহিনি অনুসরণে সমালোচকের এই মন্তব্যটি কতটা গ্রহণযোগ্য তা আলোচনা করো। ১০

অথবা

(খ) ‘পূজারিণী’ কবিতায় ভক্তি ও নিষ্ঠুরতার যে সাদা-কালো ছবি চিত্রিত হয়েছে তার বিবরণ দাও। ১০
